ঢাকা ওয়াসা

০১) ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০২) পাম্প হাউজের তালিকা।
০৩) পূর্বানুমোদিত দরের কপি।
০৪) প্রাক্কলন।

বিষয়: **Procurement of 10 (Ten) Nos Ceiling Fan for Different Pump House under MODS Zone-3, Dhaka WASA.**

১। উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মড্স জোন-৩ এর আওতাধীন এলাকায় মোট ১১৫ (একশত চৌদ্দ)টি পানির পাম্প কম্পাউন্ড রয়েছে। প্রতিটি পাম্প কম্পাউন্ডে পানির পাম্প পরিচালনার জন্য বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জাম স্থাপন ও পাম্প অপারেটরদের ডিউটি করার জন্য একটি করে পাম্প হাউজ রয়েছে। পাম্প হাউজে রক্ষিত বৈদ্যুতিক সরঞ্জাম যেমন- ভিএফডি, স্ক্যাডা প্যানেল ইত্যাদি দিন/রাত চব্বিশ ঘন্টা চালু থাকে। এসব বৈদ্যুতিক সরঞ্জাম হতে প্রতিনিয়ত তাপ নির্গত হতে থাকে, যার ফলে পাম্প হাউজের তাপমাত্রা অনেক বেশী থাকে। সরেজমিনে পরিদর্শনে দেখা যায় কিছু পাম্প হাউজের সিলিং ফ্যান দীর্ঘ সময় চালু থাকার কারনে নষ্ট হয়ে গিয়েছে এবং কিছু পাম্পে সিলিং ফ্যান নাই (তালিকা সংযুক্ত ক্র: নং-২)। ফলে পাম্প হাউজের অপারেটরদের ডিউটি করতে খুবই কষ্ট হচ্ছে। তাই বিভিন্ন পানির পাম্প হাউজের জন্য সিলিং ফ্যান সংগ্রহ পূর্বক স্থাপন করা একান্ত প্রয়োজন।

২। জরুরী ভিত্তিতে উল্লিখিত ক্রয় কাজ করার জন্য পূর্বনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হ'ল (ক্রঃনং-৩)। যার ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৩৯,১৪০.০০ (উনচল্লিশ হাজার একশত চল্লিশ) টাকা মাত্র। অত্র ক্রয় কাজের ব্যয়ভার পিপিআর-২০২৫ এর বিধি ১০০/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে মডস জোন-৩ এর ২০২৫-২৬ ইং অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- B.18.(32) (পানির লাইন রক্ষণাবেক্ষণ) এবং কোড নং (০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন। কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে, Procurement of 10 (Ten) Nos Ceiling Fan for Different Pump House under MODS Zone-3, Dhaka WASA.কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের নিমিত্তে নিম্মোক্ত প্রস্তাব সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলোঃ

ক) সর্বমোট উপস্থাপিত ৩৯,১৪০.০০ (উনচল্লিশ হাজার একশত চল্লিশ) টাকার প্রাক্কলনটি অনুমোদন।

খ) পিপিআর-২০২৫ এর বিধি ১০০/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতি (অস্থায়ী অগ্রিম) হিসাবে সম্পাদনের অনুমোদন ।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ ইং অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- B.18.(32) (পানির লাইন রক্ষণাবেক্ষণ) এবং কোড নং (০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করার অনুমোদন।।

উপস্থাপিত প্রস্তাব সমূহ **"প্রধান প্রকৌশলী"** মহোদয়ের কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

AE 10.3.26 | EE 11.3.26 | SE, MODS/CIR-1

অশোক কুমার হালদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

১২/০৩/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৪। প্রস্তাব অনুমোদিত।

৩০/০৩/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE, MODS-1

CE

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
রিসি নং ২০২৬
তাং ১/৪/২৬
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা

EE/Z-3

০২/০৪/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

2/4/26